# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৭০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৩) সালাতের সময়সমূহ - ফরয সালাতসমূহের ওয়াক্তের বিবরণ

## 3 ـ بَابُ مَوَاقِيتِ الصَّلَاةِ (ذِكْرُ وَصْفِ أَوْقَاتِ الصَّلَوَاتِ الْمَفْرُوضَاتِ)

আরবী

1470 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: أَخْبَرَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيِّ بْنِ حُسَيْنٍ عَنْ وَهْبِ بْنِ كَيْسَانَ: عَنْ جَابِرٍ قَالَ: جَاءَ جِبْرِيلُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ زَالَتِ الشَّمْسُ فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ الظُّهْرَ فَقَامَ فَصَلَّى الظُّهْرَ ثُمَّ جَاءَهُ حِينَ كَانَ ظِلُّ كُلِّ شَيْءٍ مِثْلَهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْعَصْرَ فَقَامَ فَصَلَّى الْعَصْرَ ثُمَّ جَاءَهُ حِينَ غَابَتِ الشَّمْسُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْمَغْرِبَ فَقَامَ فَصَلَّى الْمَغْرِبَ ثُمَّ مَكَثَ حَتَّى ذَهَبَ الشَّفَقُ فَجَاءَهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْعِشَاءَ فَقَامَ فَصَلَّاهَا ثُمَّ جَاءَهُ حِينَ سَطَعَ الْفَجْرُ بِالصُّبْحِ فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ فَقَامَ فَصَلَّى الصُّبْحَ وَجَاءَهُ مِنَ الْغَدِ حِينَ صَارَ ظِلُّ كُلِّ شَيْءٍ مِثْلَهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الظُّهْرَ فَقَامَ فَصَلَّى الظُّهْرَ ثُمَّ جَاءَهُ حِينَ كَانَ ظِلُّ كُلِّ شَيْءٍ مِثْلَيْهِ فَقَالَ: قُمْ فَصَلِّ الْعَصْرَ فَقَامَ فَصَلَّى الْعَصْرَ ثُمَّ جَاءَهُ حِينَ غَابَتِ الشَّمْسُ وَقْتًا وَاحِدًا لَمْ يَزَلْ عَنْهُ فَقَالَ: قُمْ فَصَلِّ الْمَغْرِبَ فَقَامَ فَصَلِّى الْمَغْرِبَ ثُمَّ جَاءَهُ الْعِشَاءَ حِينَ ذَهَبَ ثُلُثُ اللَّيْلِ فَقَالَ: قُمْ فَصَلِّ الْعِشَاءَ فَقَامَ فَصَلَّى الْعِشَاءَ ثُمَّ جَاءَهُ الصُّبْحَ حِينَ أَسْفَرَ جِدًّا فَقَالَ: قُمْ فَصَلِّ الصُّبْحَ فَقَامَ فَصَلَّى الصُّبْحَ فقال: ما بين هذين وَقْتٌ كُلُّهُ.

الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1470 | خلاصة حكم المحدث.صحيح ـ ((الإرواء)) (250) , ((صحيح أبي داود)) (419).

বাংলা

১৪৭০. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার জিবরাঈল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন যখন সূর্য পশ্চিমাকাশে ঢলে যায়, অতঃপর তিনি বলেন, “হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি দাঁড়ান এবং যোহরের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে যোহরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আবার আবার আসেন, যখন প্রত্যেক বস্তর ছায়া একগুণ হয়। অতঃপর তিনি বলেন, “আপনি দাঁড়ান এবং আসরের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে আসরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আবার আবার আসেন, যখন সূর্য ডুবে যায়। অতঃপর তিনি বলেন, “আপনি দাঁড়ান এবং মাগরিবের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে মাগরিবের সালাত আদায় করেন। তারপর তিনি লাল আভা বিদূরিত হওয়া পর্যন্ত অবস্থান করেন। অতঃপর তিনি তাঁর কাছে আসেন এবং তাঁকে বলেন, “আপনি দাঁড়ান এবং ইশার সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে ইশার সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আসেন, যখন সুবহে সাদিক উদিত হয়, তারপর তিনি বলেন, ““হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি দাঁড়ান এবং ফজরের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে ফজরের সালাত আদায় করেন।

অতঃপর তিনি তাঁর কাছে পরের দিন আসেন, যখন প্রত্যেক বস্তর ছায়া তার সমপরিমাণ হয়, অতঃপর তিনি বলেন, আপনি দাঁড়ান এবং যোহরের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে যোহরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আবার আবার আসেন, যখন প্রত্যেক বস্তর ছায়া দ্বিগুণ হয়। অতঃপর তিনি বলেন, “আপনি দাঁড়ান এবং আসরের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে আসরের সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আসেন, যখন সূর্য ডুবে গিয়ে এখনও সময় বিদ্যমান রয়েছে অতঃপর তিনি বলেন, “আপনি দাঁড়ান এবং মাগরিবের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে মাগরিবের সালাত আদায় করেন। অতঃপর তিনি তাঁর কাছে আসেন যখন রাতের এক-তৃতীয়াংশ চলে গিয়েছে অতঃপর তিনি বলেন, “আপনি দাঁড়ান এবং ইশার সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে ইশার সালাত আদায় করেন। তারপর তিনি তাঁর কাছে আসেন, যখন সুবহে সাদিক সুস্পষ্টভাবে উদিত হয়ে গিয়েছে, তারপর তিনি বলেন, “আপনি দাঁড়ান এবং ফজরের সালাত আদায় করুন।” অতঃপর তিনি দাঁড়িয়ে ফজরের সালাত আদায় করেন। তারপর তিনি বলেন, “এই দুই সময়ের মধ্যবর্তী পুরো সময়টাই সালাত আদায়ের সময়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩০; তিরমিযী: ১৫০; নাসাঈ: ১/২৬৩; দারাকুতনী: ১/২৫৬; সুনান বাইহাকী: ১/৩৬৮; হাকিম: ১/১৯৫-১৯৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৪৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১৮; আবূ দাঊদ: ৩৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৮; সহীহ মুসলিম: ৬১৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90785

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন